

আন্তর্জাতিক

পুতিনের সঙ্গে ডিজেল সরবরাহের চুক্তির দাবি ট্রাম্পের



প্রতিবেদক: alamin dhakaprobe

প্রকাশের তারিখ: শনিবার, ১০ অক্টোবর ২০২৬, ০৯:৪৫ AM



রাশিয়ার প্রেসিডেন্ট ভ্লাদিমির পুতিনের সঙ্গে ডিজেল সরবরাহ নিয়ে চুক্তি হয়েছে বলে জানিয়েছেন যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প। তাঁর দাবি, চুক্তি অনুযায়ী রাশিয়া অবিলম্বে ৩ লাখ টন ডিজেল সরবরাহ করবে। নভেম্বরে আরও ৫ লাখ টন এবং পরবর্তী সময়ে আরও ১০ লাখ টন ডিজেল বিশ্ববাজারে ছাড়বে দেশটি।

নিজের সামাজিক যোগাযোগমাধ্যম টুথ সোশ্যালে দেওয়া এক পোস্টে ট্রাম্প বলেন, এই উদ্যোগের ফলে যুক্তরাষ্ট্রসহ বিশ্বজুড়ে ডিজেলের দাম দ্রুত কমবে।

ট্রাম্পের ঘোষণার পর যুক্তরাষ্ট্রের অর্থ মন্ত্রণালয় রাশিয়ার ডিজেল বাজারে প্রবেশের অনুমতি দিয়ে একটি অস্থায়ী লাইসেন্স জারি করে।

আমেরিকান অটোমোবাইল অ্যাসোসিয়েশনের (এএএ) তথ্য অনুযায়ী, বর্তমানে যুক্তরাষ্ট্রে প্রতি গ্যালন ডিজেলের গড় দাম ৬ দশমিক ২৮

ডলার। সেপ্টেম্বরের শেষ দিকে এই দাম বেড়ে রেকর্ড ৬ দশমিক ৫৩ ডলারে পৌঁছেছিল।

ইরানের সঙ্গে যুদ্ধ শুরুর পর গত ফেব্রুয়ারি থেকে যুক্তরাষ্ট্রে ডিজেলের দাম দ্বিগুণ হয়েছে। জ্বালানির মূল্যবৃদ্ধির কারণে আসন্ন মধ্যবর্তী নির্বাচনের আগে চাপে রয়েছে রিপাবলিকান পার্টি।

রাশিয়ার প্রেসিডেন্টের দূত কিরিল দিমিত্রিয়েভ এই উদ্যোগকে স্বাগত জানিয়েছেন। তাঁর মতে, রাশিয়া ও যুক্তরাষ্ট্রের মধ্যে জ্বালানি সহযোগিতা বিশ্বের জন্য উপকারী হবে।

তবে এই উদ্যোগের সমালোচনা করেছেন ইউক্রেনের প্রেসিডেন্ট ভলোদিমির জেলেনস্কি। তাঁর মতে, রাশিয়ার ওপর নিষেধাজ্ঞা শিথিল করে দেশটিকে জ্বালানি বিক্রির সুযোগ দিলে রাশিয়া লাভবান হবে এবং যুদ্ধ দীর্ঘায়িত হতে পারে। তিনি বলেন, পুতিনকে উপহার দিলে শান্তি আসবে না।

এদিকে আন্তর্জাতিক জ্বালানি সংস্থার (আইইএ) হিসাব অনুযায়ী, রাশিয়ায় ডিজেল উৎপাদন প্রায় ৩০ শতাংশ কমেছে বলে ধারণা করা হচ্ছে।

এ বিভাগের আরও খবর



পিয়লাইকে শান্তিতে নোবেল দিয়ে নিজেদেরকে লজ্জিত করেছে নোবেল কমিটি। দীর্ঘদিনের প্রত্যাশা এবং কূটনৈতিক সাফল্যের দাবি সত্ত্বেও এবার নোবেল শান্তি পুরস্কার পাননি মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প। ২০২৬ সালের এই...



দিল্লিতে বিক্ষোভে যোগ দেয়ার আগে জনপ্রিয় ইউটিউবার ঋব রাঠিকে আটক দিল্লিতে পরিকল্পিত বিক্ষোভে যোগ দিতে যাওয়ার আগে ভারতের গুরুগ্রাম থেকে ইউটিউবার ঋব রাঠিকে আটক করেছে পুলিশ। পুলিশের নির্দেশনা মানতে অস্বীকৃ...



দিল্লিতে আবারও বড় বিক্ষোভের ডাক, নিয়ন্ত্রণে ব্যাপক পুলিশ মোতায়েন ও ইন্টারনেট বন্ধ
ভারতের প্রধান নির্বাচন কমিশনার জ্যোতি কুমারের পদত্যাগের দাবিতে আজ শনিবার (১০ অক্টোবর) নয়াদিল্লির যন্ত্রমন্ত্রের বিক্ষোভের ডাক দিয়েছে ককরোচ জনত...



নোবেল শান্তি পুরস্কার পেলেন দক্ষিণ আফ্রিকার নাভি পিল্লাই
২০২৬ সালের নোবেল শান্তি পুরস্কার পেয়েছেন দক্ষিণ আফ্রিকার বিশিষ্ট আইনজ্ঞ নাভানেথেম নাভি পিল্লাই। আন্তর্জাতিক আইন প্রতিষ্ঠা এবং যুদ্ধাপরাধ, মা...

Copyright Dhaka Probe

অনলাইন সংস্করণ পড়তে ভিজিট করুন: <https://dhakaprobe.com/international/putiner-sngge-djel-srbraher-chuktir-dabi-tramper>